

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২১৭৭

তারিখ


১০ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২৪ মে ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালকদের ৩৫তম বিনিয়াদি প্রশিক্ষণের অংশ হিসেবে ৬৭ জনের একটি দল আজ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে শিক্ষাসফর করেন। শিক্ষাসফরটি দিন ব্যাপী কমিশনে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে কমিশনের কার্য পরিধির গুরুত্বপূর্ণ বিষয়াদি যেমন- সিকিউরিটিজ আইন, সিকিউরিটিজ ইস্যুকরণ, কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম ও তদন্ত প্রক্রিয়া, এনফোর্সমেন্ট সংক্রান্ত বিষয়ে বিনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদেরকে সংক্ষিপ্ত ধারণা দেয়া হয়। এ প্রোগ্রাম এর শুভ উদ্বোধন করেন কমিশনের সম্মানিত কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী। তিনি বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি কর্তৃক এ ধরনের শিক্ষাসফরের মাধ্যমে পুঁজিবাজার সংক্রান্ত বিষয়ে আর্থিক ব্যক্ত করায় বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমিকে সাধুবাদ জানান এবং অংশগ্রহণকারীদের প্রশিক্ষণে অর্জিত জ্ঞান ভবিষ্যতে অর্থবাজার ও পুঁজিবাজার উন্নয়নে ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো বলেন, এ ধরনের প্রশিক্ষণ প্রশিক্ষণার্থীদের যথাযথ দায়িত্ব পালন এবং বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়ক হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কমিশনের সম্মানিত কমিশনারদ্বয় যথাক্রমে জনাব মোঃ আমজাদ হোসেন এবং ডঃ স্বপন কুমার বাল। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক এ ধরনের প্রোগ্রামের আয়োজন করায় বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমির পরিচালক জনাব দীপংকর ভট্টাচার্জ ধন্যবাদ জ্ঞাপন করেন।


28/05/2017

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।